



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

একাউন্টিং এলামনাই এসোসিয়েশন কর্তৃক 'সংবর্ধনা' অনুষ্ঠিত



২৯ ফেব্রুয়ারি-২০২০, শনিবার একাউন্টিং এলামনাই এসোসিয়েশন, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর উদ্যোগে 'সংবর্ধনা' অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বাংলাদেশ আওয়ামীলীগের আইন সম্পাদক এ্যাডভোকেট মোঃ কাজী নজিবউল্লাহ হিরু উপস্থিত ছিলেন।

একাউন্টিং এলামনাই এসোসিয়েশন জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর সাধারণ সম্পাদক এন আই আহমেদ সৈকতের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক আলহাজ্ব নজরুল ইসলাম বাবু এমপি, ও জগন্নাথ বিশ্ববিদ্যালয় ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, এআইএস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ লিয়াকত হোসেন মাহমুদ এবং বিভাগের সাবেক চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাঃ আলী নূর। অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন সংগঠনের সিনিয়র সহ-সভাপতি হাবিবুর রহমান শিকদার হান্নান।

একাউন্টিং এলামনাই এসোসিয়েশন, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাবেক আহবায়ক, টাকা আইনজীবী সমিতির সাবেক সভাপতি ও বাংলাদেশ বার কাউন্সিলের লিগ্যাল এডুকেশন কমিটির বর্তমান চেয়ারম্যান এ্যাডভোকেট মোঃ কাজী নজিবউল্লাহ হিরু বাংলাদেশ আওয়ামীলীগের নবগঠিত কমিটির আইন সম্পাদক এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাবেক সভাপতি, বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় নির্বাহী সংসদের

সাবেক সিনিয়র সহ সভাপতি ও উক্ত এসোসিয়েশনের সভাপতি মোঃ কামরুল হাসান রিপন বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবকলীগ, ঢাকা মহানগর দক্ষিনের সভাপতি নির্বাচিত হওয়ায় সংবর্ধনার দেওয়া হয়।

উল্লেখ্য, অনুষ্ঠানের শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।